



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান শিক্ষকের কার্যালয়  
খুলনা জিলা স্কুল, খুলনা।  
ইআইআইএন: ১১৭১৩৫


ই-মেইল নং: zillaschool\_khulna@yahoo.com

## ২০২৫ শিক্ষাবর্ষে এ বিদ্যালয়ে ৩য় শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫ শিক্ষাবর্ষে এ বিদ্যালয়ে নির্দিষ্ট সংখ্যক আসনে ৩য় শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

ক্র.	শ্রেণি	শিফট	আসন সংখ্যা	শিক্ষার্থীর ধরণ
১	৩য় শ্রেণি	প্রাতঃ	১১০	বালক
		দিবা	১১০	

- শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না।
- ভর্তির আবেদন শুধু অনলাইনে <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে।
- আবেদনের শুরুর তারিখঃ অনলাইনে আবেদন প্রক্রিয়া আগামী ১২/১১/২০২৪ খ্রি. সকাল ১১.০০ টা হতে শুরু হবে।
- আবেদনের শেষ তারিখঃ ৩০/১১/২০২৪ খ্রি.বিকাল ০৫.০০ টা পর্যন্ত চলমান থাকবে।
- ভর্তি ফিসঃ ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে; যা শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।
- সারাদেশে সরকারি বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করা হবে।
- অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এর secondary circular/order ও [www.teletalk.com.bd](http://www.teletalk.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।
- আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানা ভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা পাবে। এ ক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে পছন্দ ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে।
- ডাবল শিফট প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাতীয় শিক্ষানীতি - ২০১০ অনুযায়ী ২০২৫ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে বয়স ৬+ বছর। সে মোতাবেক ৩য় শ্রেণিতে ভর্তির বয়স ৮+ বছর নির্ধারণ করা হয়েছে। অনলাইন জন্ম সনদপত্র অনুযায়ী বয়স নির্ধারিত হবে। এ ক্ষেত্রে কেউ জন্ম সনদ জালিয়াতি বা প্রণয়নে অসদুপায় অবলম্বন করলে তা ফৌজদারী অপরাধ বলে বিবেচিত হবে।
- কোটা: মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার কোটা ০৫%, বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) কোটা ০২%, শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা কর্মচারীদের সন্তান ০১%, সহোদর ০২%, যমজ ভাই ০১% কোটা। কোটার ক্ষেত্রে সঠিক প্রমাণপত্র দাখিল করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। আসন শূন্য হলে অপেক্ষমান তালিকা থেকে মেধা ও কোটা অনুসরণ করে ভর্তি করা হবে।
- ২০২৫ শিক্ষাবর্ষে খুলনা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য আসন সংরক্ষিত থাকবে।
- ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট ঠিকানা [www.kzs.edu.bd](http://www.kzs.edu.bd) থেকে জানা যাবে।

  
১০/১১/২০২৪  
(মোল্লা মোকহেদ আলী)  
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
খুলনা জিলা স্কুল, খুলনা।